

৩০
৩০

শিক্ষা খাতের উন্নয়নে ব্যাংকগুলোকে এগিয়ে আসতে হবে-ড. সালেহউদ্দিন

অর্থনৈতিক রিপোর্টার : বাংলাদেশ ব্যাংকের
পতনর ড. সালেহউদ্দিন আহমেদ কাপিল্লাক
ব্যাংকগুলোকে উচ্চ শিক্ষা অর্জনে পরীষ মেধাবী
শিক্ষার্থীদের সহায়তা করার পাশাপাশি শিক্ষকদের
দক্ষতা, যোগ্যতা উন্নয়নেরও পদক্ষেপ নেয়ার
আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন, আমাদের
দেশের শিক্ষকদের মান উন্নয়ন জরুরী।

গতকালে (সোমবার) স্থানীয় হেটলে ডাচ-বাংলা
ব্যাংকের পরিচালক-মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান
অনুষ্ঠানে পতনর প্রধান অতিথির বক্তব্যে এ
আহ্বান জানান। ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক
মোঃ ইয়াছিন আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত
অনুষ্ঠানে বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকসের
চেয়ারম্যান নজরুল ইসলাম মল্লিক, ব্যাংকের
অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক এ এইচ এম
নাঈমুল কাদির, ডাচ-বাংলা ব্যাংক ফাউন্ডেশনের
সমন্বয়কারী ডাঃ মোজাম্মেল হোসেন, পূর্ববর্তী
ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমেদ
চৌধুরী ও কমান্ড ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক
ফরহান হোসেন উপস্থিত ছিলেন।

পতনর আরও বলেন, ব্যাংকগুলোর শিক্ষা খাতে
সহায়তা সরকারের শিক্ষা কার্যক্রমকে এগিয়ে
নেবে। তবে শুধু শিক্ষার্থীদের নয়, শিক্ষক ও শিক্ষা
খাতের অবকাঠামোপত উন্নয়নে ব্যাংকগুলোকে
এগিয়ে আসতে হবে। তিনি অন্যান্য ব্যাংককেও
ডাচ-বাংলা ব্যাংকের মত এগিয়ে আসার আহ্বান
জানান।

ব্যবস্থাপনা পরিচালক মোঃ ইয়াছিন আলী বলেন,
ডাচ-বাংলা ব্যাংক আর্থিক কর্মকাণ্ডের পাশাপাশি
সমান্তরাল উন্নয়নে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে
যাচ্ছে। এই কার্যক্রম অব্যাহত রাখবে বলে তিনি
আশাবাদ ব্যক্ত করেন।

গতকালের অনুষ্ঠানে ২০০৭ সালের মাধ্যমিক
পরীক্ষায় উত্তীর্ণ হয়ে উচ্চ মাধ্যমিক পর্যায়ে
অধ্যয়নরত শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করা হয়।
এদের মধ্যে ১০ জন প্রতিবর্তী শিক্ষার্থীও রয়েছেন।
পতনর মনোনীত ছাত্র-ছাত্রীদের মাঝে বৃত্তিপত্র
প্রদান করেন। উল্লেখ্য, ডাচ-বাংলা ব্যাংক প্রতি
বছর উচ্চ মাধ্যমিক ও দ্বিতীয় পর্যায়ের ১২৫০ জন
ছাত্র-ছাত্রীকে বৃত্তি দিয়ে থাকে। এ খাতে ব্যাংকটির
প্রতি বছর ব্যয় হয় চার কোটি টাকা। এছাড়া
প্রতিবছর ৫০ জন তরুণ গবেষককে বিভিন্ন বিষয়ে
উচ্চতর গবেষণা করার জন্য ফেলোশিপ প্রদান
করে থাকে ডাচ-বাংলা ব্যাংক।